



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ১৫ জুলাই ২০১৫

প্রেস বিজ্ঞপ্তি

বন্দুকভাঙায় সন্ত্রাস গ্রুপ কর্তৃক এক ব্যক্তিকে অপহরণের নিন্দা ও প্রতিবাদ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্টের (ইউপিডিএফ) রাঙামাটি জেলা ইউনিটের সংগঠক সচল চাকমা আজ বুধবার ১৫ জুলাই ২০১৫, এক বিবৃতিতে সন্ত্রাস গ্রুপ কর্তৃক রাঙামাটির বন্দুকভাঙা থেকে চেইয়্যা চাকমা নামে এক নিরীহ ব্যক্তিকে অপহরণের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন এবং অবিলম্বে তার নিঃশর্ত ও অক্ষত অবস্থায় মুক্তির দাবি করেছেন।

বিবৃতিতে তিনি ঘটনার উল্লেখ করে বলেন, সন্ত্রাস গ্রুপের একদল সশস্ত্র সদস্য আজ সকাল সাড়ে ৭টায় ভুরবান্যা গ্রামে হানা দিয়ে চেইয়্যা চাকমাকে নিজ বাড়ি থেকে অপহরণ করে নিয়ে যায়। অপহৃতের পিতার নাম ভুদিছলো চাকমা।

ইউপিডিএফ নেতা বলেন, সন্ত্রাস লারমা নীতি আদর্শচ্যুত হয়ে কেবলমাত্র আঞ্চলিক পরিষদে নিজের গদি রক্ষার স্বার্থে সরকারের পক্ষ হয়ে জাতি ও জনগণের অনিষ্টের জন্য কাজ করে যাচ্ছেন।

তিনি সন্ত্রাস গ্রুপকে খুন, অপহরণ তথা সন্ত্রাসী কার্যক্রম বন্ধ করে দালাল সন্ত্রাস লারমার সুবিধাবাদী ও ধ্বংসাত্মক রাজনীতি পরিত্যাগ করে ইউপিডিএফের নেতৃত্বে পরিচালিত আন্দোলনে সামিল হওয়ার আহ্বান জানান।

বার্তা প্রেরক

প্রজিত চাকমা

সদস্য

ইউপিডিএফ,

রাঙামাটি জেলা ইউনিট।